**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯-৬৮ তারিখঃ ০৬ -০৩-২০২৩

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের উপর গত ২২/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়রি/২০২৩ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২২-২৩ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জানুয়রি/২০২৩ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (ফেব্রুযারি,২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ১৫-০৩-২০২৩ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: masudrana325@gmail.com) ও হার্ড কপি নিম্মস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪.(চার) পাতা।

০৬/০৩/২০২৩


(মাসুদ রানা)
সহকারী পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৪৮
e-mail:masudrana325@gmail.com


**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, আলুর বহমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, জেলা পর্যায়ে "কৃষকের বাজার" স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন কর্মসূচি, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির উপর গত ২২/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( জানুয়ারি/২০২৩ পর্যন্ত) সভার কার্যবিবরণী।**

সভাপতি: ওমর মোঃইমরুল মহসিন
মহাপরিচালক (রুটিন দায়িত্ব),কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : দুপুর ২.৩০ ঘটিকা।

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির জানুয়ারি/২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য সহকারী পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | গত ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচির কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৪টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক মোট ১২৩৫৫.০০ লক্ষ টাকা এবং ০৩টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ৩৫৬.৭৩ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৪টি বিনিয়োগ প্রকল্পের আওতায় জানুয়ারি/২০২৩ পর্যন্ত ৩৩৯৮.০০ লক্ষ (২৭.৫০%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে জানুয়ারি/২০২৩ পর্যন্ত ২০৫২.০০ লক্ষ (১৬.৬১%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১৮০.৩৩৫ লক্ষ (৫০.৩৬%) টাকা ছাড় করা হয় এবং জানুয়ারি/২০২৩ পর্যন্ত ৬.২৪ লক্ষ (১.৭৪%) টাকা ব্যয় করা হয়। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি মন্ত্রণালয়ের অগ্রগতির চেয়ে প্রায় অর্ধেকেরও কম এবং ০৭ (সাত) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০২২-২৩ অর্থ বছরে অর্থ ছাড় অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.২ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)** শীর্ষক প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় পণ্য ও সেবার দরপত্র আহবান কার্যক্রম কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা থাকার পরও অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এছাড়া প্রকল্পের আওতায় দ্রুততার সাথে কৃষক প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোর ম্যাচিং

গ্র্যান্ট প্রদান, উদ্যোক্তা তৈরী ইত্যাদি কার্যক্রম শুরু করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটি যেহেতু বৈদেশিক সাহায্যপুষ্ট সেহেতু প্রকল্পের ডিপিপি অনুযায়ী এক্সপোজার ভিজিটের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব এবং বৈদেশিক গবেষণার জন্য সিপিটিইউর সাথে আলোচনা পূর্বক দ্রুত ব্যবস্থা করতে সভাপতি নির্দেশনা দেন। ২০২২-২৩ অর্থ আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৩ **"কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ"** শীর্ষক প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের চূড়ান্ত প্রস্তাব পেতে প্রকল্প হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া অর্পিত কাজ হিসেবে পিডব্লিউডি হতে যথাসময়ে অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণ কার্যক্রম শেষ করার তাগিদ প্রদান করতে হবে। জিরো এনার্জি কুল চেম্বারের নির্মাণ কাজ প্রকল্পভুক্ত জেলায় দায়িত্ব প্রদান পূর্বক দ্রুত শেষ করাসহ মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৪ **"কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে নির্মাণ কাজের মূল্যায়নের ভিত্তিতে বিল পরিশোধ করতে সভাপতি নির্দেশনা দেন। পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর নির্মাণ কাজ আগামী মার্চ/২০২৩ মাসের মধ্যে শেষ করে মাননীয় মন্ত্রী মহোদয় দিয়ে শুভ উদ্বোধন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। আগামী ০৫ই মার্চ/২০২৩ এর মধ্যে এইচ বি আর আই হতে এসেম্বল সেন্টারের ড্রইং, ডিজাইন সংগ্রহ করে ডিপিপির বরাদ্দ অনুযায়ী এসেম্বল সেন্টারের টেন্ডার আহবান করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন। পেঁয়াজ সংরক্ষণের পর পেঁয়াজের কতটুকু ওজন ঘাটতি, অপচয়, লাভ/ক্ষতি ইত্যাদির একটি প্রতিবেদন তৈরী করে মহাপরিচালক,কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন। ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৫ **"আলুর বহমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় কৃষক পর্যায়ে আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং এ মৌসুমে আলু সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন। আগামী সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলুর ঘর পরিদর্শন ও নির্মাণ প্রকৌশলীদের সংযুক্ত থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। আলু সংরক্ষণের পর আলুর কতটুকু ওজন ঘাটতি, অপচয়, লাভ/ক্ষতি ইত্যাদির একটি প্রতিবেদন তৈরী করে মহাপরিচালক,কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন। কৃষক পর্যায়ে আলু সংরক্ষণ ঘর নির্মাণ কাজে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

২.৬ **"জেলা পর্যায়ে "কৃষকের বাজার" স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ"** শীর্ষক কর্মসূচির কৃষকের বাজার কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করাতে হবে। ২০২২-২৩ অর্থ বছরে ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে উক্ত মালামাল গঠিত কৃষক বিপণন দলের মধ্যে বন্টনের ব্যবস্থা করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তবে আবশ্যিকভাবে বন্টিত মালামালের গ্রাহক পর্যায়ের প্রাপ্তি স্বীকার রাখতে হবে। কৃষক বিপণন দল গুলোকে সচল রাখার উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৭ **"অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন"** শীর্ষক কর্মসূচির ওয়েব ভিত্তিক কাজ গুলো আগামী ফেব্রুয়ারী/২০২৩ মধ্যে সমাপ্ত করে ১ মার্চ/২০২৩ এর পর কৃষক, ব্যবসায়ি, ও উদ্যোক্তাগনের জন্য উন্মুক্ত করে দিতে সভাপতি নির্দেশনা দেন। কলসেন্টারের জন্য একটি কমিটি গঠন করার নিমিত্ত কর্মসূচি হতে একটি প্রস্তাব এবং ই-কর্মাস নীতিমালার সাথে সমাঞ্জস্য রেখে একটি নীতিমালা তৈরী করার জন্য একটি কমিটি গঠন করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া ওয়েব ভিত্তিক এ্যাপস এর কর্ম পরিকল্পনা আগামী মার্চ/২০২৩ এর মধ্যে তৈরী পূর্বক মহাপরিচালক বরাবর প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৯ **"রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন"** শীর্ষক কর্মসূচির পিপিএনবি ও অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক উদ্ভূদ্ধ সমস্য নিরসনের জন্য কৃষি মন্ত্রনালয়ে মতামতের জন্য পত্র প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া অর্থ ছাড়করণ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ করতে সভাপতি নির্দেশনা দেন।

৩. **দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনা ও বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) প্রকল্পের আওতায় দ্রুততার সাথে কৃষক প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোর ম্যাচিং গ্র্যান্ট প্রদান, উদ্যোক্তা তৈরী ইত্যাদি কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) প্রকল্পের ডিপিপি অনুযায়ী এক্সপোজার ভিজিটের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গবেষণার জন্য সিপিটিইউর সাথে আলোচনা পূর্বক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৪.২ | (ক) ভূমি অধিগ্রহণের চূড়ান্ত প্রস্তাব পেতে প্রকল্প হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করার করতে হবে। প্রয়োজনে মন্ত্রণালয়ের সহায়তা নিতে হবে।<br>(খ) অর্পিত কাজ হিসেবে পিডব্লিউডি হতে যথাসময়ে অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণ কার্যক্রম শেষ করার তাগিদ প্রদান করতে হবে।<br>(গ) জিরো এনার্জি কুল চেম্বারের নির্মাণ কাজ প্রকল্পভুক্ত জেলায় জেলা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান পূর্বক দ্রুত শেষ করাসহ মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>(ঘ) আগামী সভায় গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ কাজ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীদের জুমে সংযুক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৪.৩ | (ক) কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে নিমাণ কাজের মূল্যায়নের ভিত্তিতে বিল পরিশেধ করতে হবে।<br>(খ) পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর নির্মাণ কাজ আগামী মার্চ/২০২৩ মাসের মধ্যে শেষ করে মাননীয় মন্ত্রী মহোদয় দিয়ে শুভ উদ্বোধন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(গ) আগামী ০৫ই মার্চ/২০২৩ এর মধ্যে এইচ বি আর আই হতে এসেম্বল সেন্টারের ড্রইং, ডিজাইন সংগ্রহ করে ডিপিপির বরাদ্দ অনুযায়ী মার্চ/২০২৩ এর মধ্যে এসেম্বল সেন্টারের টেন্ডার আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৪ | (ক) আলু সংরক্ষণের জন্য উপযুক্ত জায়গা নির্বাচন করে কৃষক পর্যায়ে আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং এ মৌসুমে আলু সংরক্ষণ করতে হবে।<br>(খ) আগামী সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলুর ঘর পরিদর্শন ও নির্মাণ প্রকৌশলীদের সংযুক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.৫ | কৃষক পর্যায়ে আলু ও পেঁয়াজ সংরক্ষণের পর আলু ও পেঁয়াজের কতটুকু ওজন ঘাটতি, অপচয়, লাভ/ক্ষতি ইত্যাদির একটি প্রতিবেদন তৈরী করে মহাপরিচালক,কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন" শীর্ষক প্রকল্প<br>ও<br>প্রকল্প পরিচালক<br>কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৬ | (ক) কৃষকের বাজার কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) ২০২২-২৩ অর্থ বছরে ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে উক্ত মালামাল গঠিত কৃষক বিপণন দলের মধ্যে বন্টনের ব্যবস্থা করতে হবে। বন্টিত মালামালের গ্রাহক পর্যায়ের প্রাপ্তি স্বীকার রাখতে হবে। | কর্মসূচি পরিচালক<br>জেলা পর্যায়ে "কৃষকের বাজার" স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ, শীর্ষক কর্মসূচি |
| ৪.৭ | (ক) কর্মসূচির ওয়েব ভিত্তিক কাজ গুলো আগামী ফেব্রুয়ারি/২০২৩ মধ্যে সমাপ্ত করে ১ মার্চ/২০২৩ এর পর কৃষক, ব্যবসায়ি, ও উদ্যোক্তাগণের জন্য উন্মুক্ত করে দিতে হবে।<br>(খ) কলসেন্টারের জন্য একটি কমিটি গঠন করার নিমিত্ত প্রস্তাব এবং ই-কর্মাস নীতিমালার সাথে সমাঞ্জস্য রেখে একটি পরিচালনা নীতিমালা (এসওপি) তৈরী করার জন্য কমিটি গঠনের প্রস্তাব দিতে হবে।<br>(গ) ওয়েব ভিত্তিক এ্যাপস এর কর্ম পরিকল্পনা আগামী মার্চ/২০২৩ এর মধ্যে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন শীর্ষক কর্মসূচি |
| ৪.৮ | কর্মসূচির পিপিএনবি ও অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক উদ্ভুত সমস্য নিরসণের জন্য কৃষি মন্ত্রনালয়ে মতামতের জন্য পত্র প্রেরণ এবং অর্থ ছাড়করণ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। | কর্মসূচি পরিচালক<br>রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি |
| ৪.৯ | অর্থ মন্ত্রণালয়ের সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক এবং ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ/পিপিএনবি অনুযায়ী প্রকল্প/ কর্মসূচি যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৪.১০ | (ক) কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার আহবান করে সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ওমর মোঃইমরুল মহসিন)
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর